**প্রবাসী কল্যাণ ব্যাংক**
**প্রধান কার্যালয়, ঢাকা।**
**ঋণ ও অগ্রীম বিভাগ**

**পরিপত্র নং-১৫/২০২৪** **তারিখঃ ১৭.১১.২০২৪**

**বিষয়ঃ প্রবাসী কল্যাণ ব্যাংকের "অভিবাসন ঋণ" নীতিমালা, "নারী অভিবাসন ঋণ নীতিমালা" এবং "ঋণ ঝুঁকি আচ্ছাদন স্কীম" বিষয়ক সার্কুলার সংশোধন প্রসঙ্গে।**

শিরোনামে বর্ণিত বিষয়সমূহে- (১) পরিপত্র নং-৪৫/২০২২, তারিখঃ ২৩.০৬.২০২২ (অভিবাসন ঋণ)
(২) পরিপত্র নং-৩৩/২০২১, তারিখঃ ২২.১১.২০২১ (নারী অভিবাসন ঋণ)
(৩) পরিপত্র নং-৪৯.০০৩.০৯৯৯.০৪.০২৬.২০১৫/১৪, তারিখঃ (ঋণ ঝুঁকি আচ্ছাদন স্কীম)

পরিচালনা পর্ষদের ১৪.১১.২০২৪ তারিখের ১২৮তম সভার সদয় সিদ্ধান্ত অনুযায়ী নিম্নরূপে সংশোধন করা হলো-

**অভিবাসন ঋণ নীতিমালার সংশোধনীঃ**

| নীতিমালার অনুচ্ছেদ নং | সংশোধিত অভিবাসন ঋণ নীতিমালার অনুচ্ছেদের বিবরণ |
|---|---|
| (৫) | **ঋণের জামিনদার সংক্রান্তঃ** |
| (ii) | প্রতিটি ঋণের ক্ষেত্রে ০১ (এক) জন ঋণ পরিশোধে সক্ষম জামিনদার নিতে হবে। এক্ষেত্রে সক্ষমতার বিচারে আবেদনকারীর পরিবারের সদস্য/আত্মীয়-স্বজনকেও জামিনদার হিসাবে গ্রহণ করা যাবে। |
| (১৭) | **অভিবাসন ঋণ আবেদনের প্রাক যোগ্যতামূলক কাগজপত্রঃ** |
| (ক) | ঋণ আবেদনকারীর সদ্য তোলা ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি এবং জাতীয় পরিচয়পত্রের ফটোকপি বাধ্যতামূলকভাবে গ্রহণ করতে হবে। |
| (গ) | ঋণ আবেদনকারীর জামিনদারের প্রত্যেকের সদ্য তোলা ১ কপি পাসপোর্ট সাইজের ছবি এবং জাতীয় পরিচয়পত্রের কপি বাধ্যতামূলকভাবে গ্রহণ করতে হবে। |

**নারী অভিবাসন ঋণ নীতিমালার সংশোধনীঃ**

| নীতিমালার অনুচ্ছেদ নং | সংশোধিত নারী অভিবাসন ঋণ নীতিমালার অনুচ্ছেদের বিবরণ |
|---|---|
| (৪) | **ঋণের গ্যারান্টার/জামিনদার সংক্রান্তঃ**<br>প্রতিটি ঋণের ক্ষেত্রে ০১ (এক) জন ঋণ পরিশোধে সক্ষম জামিনদার নিতে হবে। এক্ষেত্রে সক্ষমতার বিচারে আবেদনকারীর পরিবারের সদস্য/আত্মীয়-স্বজনকেও জামিনদার হিসাবে গ্রহণ করা যাবে। |
| (১৬) | **অভিবাসন ঋণ আবেদনের প্রাক যোগ্যতামূলক কাগজপত্রঃ** |
| (ক) | ঋণ আবেদনকারীর সদ্য তোলা ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি এবং জাতীয় পরিচয়পত্রের ফটোকপি বাধ্যতামূলকভাবে গ্রহণ করতে হবে |
| (খ) | ঋণ আবেদনকারীর জামিনদারের প্রত্যেকের সদ্য তোলা ১ কপি পাসপোর্ট সাইজের ছবি এবং জাতীয় পরিচয়পত্রের কপি বাধ্যতামূলকভাবে গ্রহণ করতে হবে। |

**"ঋণ ঝুঁকি আচ্ছাদন স্কীম" এর চাঁদার হার পুনঃনির্ধারণঃ**

| ক্রমিক নং | বিতরণকৃত টাকার পরিমাণ (হংকং ব্যতীত) | বিদ্যমান চাঁদার হার | সংশোধিত চাঁদার হার |
|---|---|---|---|
| ০১. | ১,০০,০০০/- পর্যন্ত | ১,০০০/- | ৯০০/- |
| ০২. | ১,০০,০০১ থেকে ২,০০,০০০/- | ২,০০০/- | ১,৮০০/- |
| ০৩. | ২,০০,০০১ থেকে ৩,০০,০০০/- | ৩,০০০/- | ২,৭০০/- |
| ০৪. | হংকং এর ক্ষেত্রে | ৭,০০০/- | ৬,৩০০/- |

০২. এতদ্ব্যতীত বিদ্যমান "অভিবাসন ঋণ", "নারী অভিবাসন ঋণ নীতিমালা" এবং "ঋণ ঝুঁকি আচ্ছাদন স্কিম" নীতিমালার অন্যান্য সকল শর্তাবলী অপরিবর্তিত থাকবে।

০৩. এই নীতিমালা অবিলম্বে কার্যকর হবে। নীতিমালার বিষয়ে কোনোরূপ স্পষ্টীকরণ প্রয়োজন হলে বিভাগীয় প্রধান, ঋণ ও অগ্রীম বিভাগ, প্রবাসী কল্যাণ ব্যাংক এর সাথে যোগাযোগের নির্দেশ প্রদান করা হলো। এই সংশোধনী অনুযায়ী ঋণ কার্যক্রম পরিচালনার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হলো।

17.11.24
**(মোঃ শাহিদুর রহমান)**
বিভাগীয় প্রধান

১৭/১১/২০২৪
**(মোহাম্মদ মিজানুর রহমান)**
মহাব্যবস্থাপক

CamScanner